



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারের কার্যালয়  
চাটখিল, নোয়াখালী।

তারিখঃ-২২সেপ্টেম্বর, ২০২২খ্রি।

স্মারক নং- ইউএসইও/চাট/নোয়া/২০২১/৫৩৮/১৯০(৭০)  
বিষয়ঃ- পরিত্র ঈদ - ই - মিলাদুর্রবী উপলক্ষে আয়োজিত “সামাজিক শান্তি ও শৃঙ্খলা প্রতিষ্ঠায় মহানবী হযরত মোহাম্মদ প্রিণ্ট এর জীবন ও কর্ম” বিষয়ে রচনা প্রতিযোগিতায় অংশগ্রহণ প্রসংগে।

**উপর্যুক্ত বিষয়ের আলোকে চাটখিল উপজেলার সকল স্কুল, কলেজ, কারিগরি শিক্ষা প্রতিষ্ঠান ও মাদ্রাসার সম্মানিত প্রতিষ্ঠান প্রধানদের সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, পরিত্র ঈদ-ই-মিলাদুর্রবী উপলক্ষে চাটখিল উপজেলার মাননীয় উপজেলা চেয়ারম্যান জনাব আলহাজ জাহাঙ্গীর কর্মীর মহোদয়ের উদ্যোগে উপজেলা প্রশাসনের সার্বিক সহযোগিতায় ও Active Foundation এর অর্থায়নে “সামাজিক শান্তি ও শৃঙ্খলা প্রতিষ্ঠায় মহানবী হযরত মোহাম্মদ প্রিণ্ট এর জীবন ও কর্ম” বিষয়ে রচনা প্রতিযোগিতার আয়োজন করা হয়েছে। উক্ত প্রতিযোগিতায় প্রত্যেক প্রতিষ্ঠান থেকে অনধিক ২০(বিশ) জন শিক্ষার্থী অংশগ্রহণ করতে পারবে। আগামী ২৯সেপ্টেম্বর, ২০২২ এর মধ্যে উপজেলা মাধ্যমিক শিক্ষা কার্যালয়ে আফিস চলাকালীন সময়ের মধ্যে শিক্ষার্থীদের স্বত্ত্বে লিখিত রচনা জমা দিতে হবে। আগামী ০৯অক্টোবর, ২০২২খ্রি। সকাল ১০.০০ঘটিকায় (সন্ধিব্য তারিখ ও সময়) প্রতিযোগিতায় অংশগ্রহণকারী সকল শিক্ষার্থীকে উপজেলা পরিষদ চতুরে মহানবী হযরত মোহাম্মদ প্রিণ্ট এর বিদায় হজ্বের ভাষণটি লিখতে হবে।**

প্রতিযোগিতাটি তিনটি (স্কুল ও কারিগরি শিক্ষা প্রতিষ্ঠান, কলেজ এবং মাদ্রাসা) ক্যাটাগরিতে পৃথক পৃথকভাবে প্রথম পুরস্কার =২৫,০০০/- (পঁচিশ হাজার)টাকা, দ্বিতীয় পুরস্কার =১৫,০০০/- (পনের হাজার)টাকা, তৃতীয় পুরস্কার =১০,০০০/- (দশ হাজার)টাকা, চতুর্থ থেকে দশম স্থান অর্জনকারী শিক্ষার্থীরা =২,০০০/- (দুই হাজার)টাকা করে পাবে। এছাড়াও প্রত্যেক প্রতিষ্ঠান থেকে অংশগ্রহণকারী (২০জনের মধ্যে) উপস্থিত সকল শিক্ষার্থীকে ‘শিক্ষা সামগ্রী’ উপহার হিসেবে প্রদান করা হবে।

উক্ত প্রতিযোগিতাটি শুধুমাত্র চাটখিল উপজেলার সকল নিয়ন্ত্রণ মাধ্যমিক, মাধ্যমিক, উচ্চ শিক্ষা প্রতিষ্ঠান, কারিগরি ও মাদ্রাসার শিক্ষার্থীগণ প্রতিষ্ঠান প্রধানের সার্বিক ব্যবস্থাপনা ও তত্ত্বাবধানে অংশগ্রহণ করতে হবে।

পরিত্র ঈদ-ই-মিলাদুর্রবী উপলক্ষে আয়োজিত উক্ত রচনা প্রতিযোগিতা অনুষ্ঠানে সকল প্রতিষ্ঠানের সম্মানিত প্রধানগণকে উপস্থিত থাকার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো। অংশগ্রহণকারী প্রত্যেক প্রতিষ্ঠান প্রধানকে যাতায়াত ভাতা প্রদান করা হবে।

নথি ২২/১০১/২২  
(মোহাম্মদ মিজানুর রহমান চুইয়া)  
উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার  
চাটখিল, নোয়াখালী।  
ই-মেইলঃ chatkhiluseo@yahoo.com  
মোবাইল নম্বরঃ-০১৯২৪-৪৩৬৮৬৭

প্রাপক- ১.অধ্যক্ষ, ..... কলেজ/স্কুল ও কলেজ, চাটখিল, নোয়াখালী  
২.প্রধান শিক্ষক, ..... সরকারি উচ্চ বিদ্যালয়, চাটখিল, নোয়াখালী  
৩.অধ্যক্ষ/প্রধান শিক্ষক/সুপার, ..... উচ্চ বিদ্যালয়/মাদ্রাসা, চাটখিল, নোয়াখালী

স্মারক নং-ইউএসইও/চাট/নোয়া/২০২১/৫৩৮/১৯০(৭০)/১(১৫)

তারিখঃ-২২সেপ্টেম্বর, ২০২২খ্রি।

অনুলিপিঃ সদয় জাতার্থে/কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, চাটখিল, নোয়াখালী
২. উপজেলা নির্বাহী অফিসার, চাটখিল, নোয়াখালী
৩. জেলা শিক্ষা অফিসার, নোয়াখালী
- ৪-১৮. ..... কর্মকর্তা, চাটখিল, নোয়াখালী
১৫. সংরক্ষণ নথি।

22.09.22 (104)

উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার  
চাটখিল, নোয়াখালী।

22.09.2022  
Tawfiq

22.09.22 (104)

22.09.22  
Tawfiq  
22.09.22  
Tawfiq